কুষ্টিয়ায় এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজের বার্ষিক ফলাফল প্রদান

ইসলামি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. নকীব মুহাম্মদ নসুরুল্লাহ বলেছেন, সন্তানরা ভালো ফলাফল করলে অভিভাবকরা খুবই খুশি হয়। আর তাই ভালো ফলাফল পেতে অবশ্যই বেশি বেশি পড়াশোনার দরকার।

আজ রবিবার দুপুরে কুষ্টিয়ার এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজের সম্মেলন কক্ষে এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজের ৮ম ও নবম শ্রেনীর বার্ষিক পরীক্ষার ফলাফল প্রকাশ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, ফলাফল ভালো করা মানেই যে প্রথম হতে হবে বিষয়টি তেমন নয়, তবে ভালো ফলাফল করতে হলে অবশ্যই পড়াশোনা করতে হবে। এজন্য তোমাকে চেষ্টা করতে হবে এবং পরিশ্রম করতে হবে তবেই কেবল তুমি তোমার কাঙ্ক্ষিত গন্তব্যে পৌঁছাতে সক্ষম হবে।

শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, তোমাদের পড়ালেখার মাধ্যমে আজকে যারা যারা ভালো ফলাফল করেছো নিশ্চয়ই তারা বেশি পরিশ্রম করেছো, আর যারা মধ্যম অবস্থায় রয়েছে তারা বেশি পড়াশোনা করো নি, আর যারা পিছিয়ে রয়েছো তারা আগামীতে চেষ্টা করবে আজকের এগিয়ে থাকাদের সাথে টেক্কা দিতে বেশি বেশি পরিশ্রম এবং পড়াশোনা করে নিজেকে এগিয়ে নেবে।

প্রতিষ্ঠানটির শিক্ষার্থীদের একাডেমিক ফলাফল ও শৃঙ্খলার মানের ভূয়সী প্রশংসা করে প্রধান অতিথির বক্তব্যে তিনি আরও বলেন, সুশিক্ষা ছাড়া কোন জাতি উন্নতি লাভ করতে পারে না। শিক্ষার মাধ্যমেই তৈরি হয় সৎ, দেশপ্রেমিক ও মানবিক মূল্যবোধ সম্পন্ন সুনাগরিক। শিক্ষা ছাড়া মানুষের মধ্যে দেশপ্রেম, মানবতা ও নৈতিক মূল্যবোধের বিকাশ ঘটানো সম্ভব নয়। তাই শিক্ষার্থীদের যোগাযোগ দক্ষতা, চিন্তার দক্ষতা এবং সমস্যা সমাধানের দক্ষতার উপযোগী হয়ে উঠতে হবে বলেও যোগ করেন তিনি।

এডুকেয়ার যেন আর ভালো শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে সমাদৃত হতে পারে

সেজন্য সংশ্লিষ্টদের প্রতি আহবান জানিয়ে ইবির ভিসি বলেন, একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলা করে দেশকে আধুনিক ও ডিজিটাল বাংলাদেশ রূপে গড়ার ক্ষেত্রে যুগোপযোগী ও প্রযুক্তি নির্ভর মানসম্মত শিক্ষার কোন বিকল্প নেই। শিক্ষার ক্ষেত্রে অনুসরণ করা হচ্ছে অংশগ্রহণমূলক পদ্ধতি। নিয়মিত বিভিন্ন ধরণের আধুনিক পদক্ষেপ গ্রহণের মাধ্যমে এ প্রতিষ্ঠানকে আন্তর্জাতিক মানে উন্নীত করার প্রচেষ্টা অব্যাহত রাখছে এ প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানপর উত্তরোত্তর সাফল্য কামনা করি।

এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজের চেয়ারম্যান মোঃ মোজাম্মেল হক রাসেলের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর ড. শাহীনুজ্জামান, ইসলামি স্টাডিজ এন্ড দাওয়া বিভাগের প্রফেসর ড. মো: গোলাম মাওলা, চারুকলা বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর রফিকুল ইসলাম, কুষ্টিয়া জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) মোঃ আমিরুল ইসলাম, এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ক্যাপ্টেন মোঃ নজরুল ইসলাম, অধ্যক্ষ (একাডেমিক) মিস দিলরুবা পারভিন এবং এডুকেয়ার শিক্ষাপরিবারের নির্বাহী পরিচালক সোহেল রানা মানিক।

এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজের চেয়ারম্যান মোঃ মোজাম্মেল হক রাসেল অভিভাবকদের উদ্দেশ্যে বলেন, এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজ আপনাদের সবসময় পাশে থাকার অঙ্গীকার নিয়ে আমরা এগিয়ে চলেছি। এই সুন্দর অনুষ্ঠানটি শিক্ষার্থীদের অনুপ্রেরণা ও ভবিষ্যতের পথচলায় একটি নতুন মাত্রা যোগ করেছে। আমরা আমাদের সকল অতিথি, শিক্ষক, অভিভাবক এবং প্রিয় শিক্ষার্থীদের আন্তরিক ধন্যবাদ জানাই।

পরে ৮ম ও নবম শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে ১ম থেকে ৫ম স্থান অর্জনকারী শিক্ষার্থীদের পুরস্কার প্রদান করা হয়। এছাড়াও সকল শিক্ষার্থীদের হাতে সান্তনা পুরস্কার প্রদান করা হয়।